

Subject Bengali
2nd language
Worksheet
Class-7

বিশেষ্য ও বিশেষণ পদ।

বিষয়ের সারসংক্ষেপ:

আমরা আগের ষষ্ঠ শ্রেণীতে পদ কি এবং পদ কয় প্রকার সেই সম্বন্ধে জেনেছি। সপ্তম শ্রেণীতে আমরা পদের প্রকারভেদ এবং বিশেষ্য, বিশেষণ সম্বন্ধে বিস্তারিত জানবো।

পদ- অর্থ যুক্ত ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে শব্দ বলে।

যেমন- বাবা, মা, সূর্য, চন্দ্র।

বাক্যে যে শব্দ ব্যবহার করা হয় তাকে পদ বলে।

যেমন- বিমল বই পড়ে। এই বাক্যে 'বিমল' 'বই' এবং 'পড়ে' প্রতিটি এক একটি পদ। আমরা জানি পদ পাঁচ প্রকার-

১) বিশেষ্য।

২) বিশেষণ।

৩) সর্বনাম।

৪) অব্যয়।

৫) ক্রীয়া।

১) **বিশেষ্য পদ**-যে পদের দ্বারা কোন ব্যক্তি, বস্তু ,সমষ্টি, গুণ বা অবস্থার নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে।
অর্থাৎ যে পথ দিয়ে কোন কিছুর নাম বোঝানো হয় সেই পথকে বিশেষ্য পদ বলা হয়।

যেমন-রবীন্দ্রনাথ পদ্মা তীরে

শিলাইদহে বসে অনেক কবিতা লিখতেন। এই বাক্যটিতে রবীন্দ্রনাথ, পদ্মা একটি নদীর নাম, শিলাইদহ একটি স্থানের নাম বোঝানো হয়েছে।

বিশেষ্য পদ সাতটি ভাগে বিভক্ত।

ক)**ব্যক্তিবাচক**-ব্যক্তি অর্থাৎ মানুষ যেকোনো সাধারণ মানুষ অথবা বিখ্যাত মানুষের নামকে বোঝায়।

যেমন-দীপক, মিতা, চন্দন,প্রভৃতি ।

খ)**বস্তুবাচক**-যে কোন বস্তু বা জিনিসের নামকে বোঝায়।

যেমন-সোনা, লোহা, ধাতু ,বালি প্রভৃতি ।

গ)**স্থানবাচক**-এখানে যেকোনো জায়গার নাম কে বোঝায়।

যেমন-কলকাতা, বেলুড মঠ, ময়দান, কাশ্মীর প্রভৃতি।

ঘ)**জাতিবাচক**-এখানে জাতি অর্থাৎ যে কোনো জীব

জগতের জাতির নাম বোঝানো হয়।

যেমন-মানুষ ,পশু প্রভৃতি ।

ঙ) **সমষ্টিবাচক**-এখানে সমষ্টি অর্থাৎ কোন সভা-সমিতি কিংবা অনেকজন যেখানে একসাথে জমা হয় সেই জায়গার নাম বোঝায়। যেমন-সমিতি, সভা, বিদ্যালয়, অফিস প্রভৃতি।

চ) **গুণ/অবস্থাবাচক**-

এখানে কোন ব্যক্তি বা কোন বিষয়ের গুণ বা অবস্থার কথা বোঝাই যেমন-সুখ, দুঃখ, আনন্দ, খুশি প্রভৃতি।

ছ) **ক্রিয়াবাচক**-এখানে ক্রিয়া অর্থাৎ যে কোন কাজের নাম বোঝানো হয়।

যেমন পড়াশোনা, ভ্রমণ, খেলা প্রভৃতি।

বিশেষণ পদ: যে পদের দ্বারা অন্য কোন পদের দোষ গুণ অবস্থা সংখ্যা পরিমাণ ইত্যাদি বোঝানো হয় সেই পদকে বিশেষণ পদ বলে অর্থাৎ যে পদ দিয়ে অন্য যে কোনো পদ বিশেষ্য সর্বনাম ক্রিয়াপদের দোষ গুণ অবস্থা সংখ্যা পরিমাণ ইত্যাদি বোঝানো হয়, সেই পদকে আমরা বিশেষণ পদ বলে থাকি।

যেমন-১) একটি লাল গোলাপ ফুল।

২) তিনি ধনী ব্যক্তি হলেও সং।

৩) দুই কেজি চাল দিন।

এই উদাহরণ গুলিতে আমরা দেখতে পাই গোলাপ ফুলটির রং লাল, ব্যক্তিটি ধনী কিন্তু সৎ, দুই কেজি প্রভৃতি পদ বলি অন্য একটি পদের সম্বন্ধে বলেছে অর্থাৎ পদকে বিশেষিত করেছে তাই এই পদ গুলি হল বিশেষণ পদ। বিশেষণ পদ কে আমরা সাধারণত দুটি ভাগে ভাগ করতে পারি।

যেমন:

১) বিশেষ্যের- বিশেষণ।

নীচের একটি উদাহরণের সাহায্যে বোঝানো হল বিশেষ্য বিশেষণ কেমন করে হয়:

পরিশ্রমী মানুষ সবসময় সাফল্য লাভ করে।

মানুষ একটি বিশেষ্য পদ। এই পদের বিশেষণ হল পরিশ্রম।

এইজন্য একে বলা হবে বিশেষ্যের বিশেষণ।

২) বিশেষণের বিশেষণ।

নীচের একটি উদাহরণের সাহায্যে বোঝানো হল বিশেষণের বিশেষণ কেমন করে হয়:

খুব দরিদ্র মানুষ শীতে কষ্ট পায়।

ওপরের বাক্যে মানুষ পদকে বিশেষিত করেছে দরিদ্র

পদ। এখানে দরিদ্র পদটি বিশেষণ। এবার যদি প্রশ্ন করা

যায় মানুষটি কিরূপ দরিদ্র উত্তর হবে খুব। অর্থাৎ খুব

বিশেষণ দরিদ্রকে বিশেষত করেছে বলে **খুব** কে বলা হবে বিশেষণের বিশেষণ।

এছাড়াও যেমন বহু, অত্যন্ত প্রভৃতি বিশেষণের বিশেষণ।

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) পদ কয় প্রকার ও কি কি?

খ) বিশেষ্য পদ কাকে বলে?

গ) বিশেষ্য পদের একটি উদাহরণ দাও।

ঘ) বিশেষ্য পদ কয় প্রকার ও কি কি?

ঙ) বিশেষণ পদ কাকে বলে?

যে কোনো একটি উদাহরণ দাও।

চ) বিশেষণ পদ কয় প্রকার ও কি কি? প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ দাও।

২) নীচের বাক্য গুলোর মধ্যে দাগ দেওয়া শব্দটির কোনটি কি ধরনের বিশেষ্য ও বিশেষণ সেই সঠিক উত্তরটি লেখ।

ক) সলিল খুব ভালো ছেলে (ব্যক্তিবাচক/জাতি-বাচক বিশেষ্য)।

খ) বিমল সকালে

দৌড়াচ্ছে (ক্রিয়াবাচক/অবস্থাবাচক) বিশেষ্য। গ) আমরা

দিল্লি যাব (বস্তুবাচক/স্থান

বাচক) বিশেষ্য।

ঘ) সততা সবচেয়ে বড় গুণ(ক্রিয়াবাচক/গুণ বা অবস্থাবাচক) বিশেষ্য।

ঙ) জঙ্গলে বহু উঁচু উঁচু গাছ আছে (বিশেষ্যের বিশেষণ/বিশেষণের বিশেষণ) ।

চ) তিনি ধনী ব্যক্তি হলেও সৎ (বিশেষণের বিশেষণ/বিশেষ্যের বিশেষণ) ।

বাড়ির কাজ:

১) প্রত্যেকটি বিশেষ্য পদের একটি করে উদাহরণ লেখ।

২) বিশেষণের প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ লেখ ।

৩) নীচের বাক্য গুলির মধ্যে কোনটা কি ধরনের বিশেষ্য পদ এবং কোনটি কি ধরনের বিশেষণ পদ লেখ।

ক) বালকেরা ফুটবল খেলে।

খ) সদস্যরা নানা বিষয়ে আলোচনা করছে।

গ) অপু বিদ্যালয়ে যায়।

ঘ) সুকুমার রায় বিখ্যাত কবি।

ঙ) দক্ষ সাঁতারু তিনটি গভীর নদী সাঁতরে পার হলো।

চ) বিদ্যালয়ে নতুন শ্রেণীতে ওঠায় খুব আনন্দ হচ্ছে।
